



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ০৬ পৌষ ১৪৩০
২১ ডিসেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

আইসিবি'র প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহের হিসাব প্রণয়নের সুবিধার্থে পুরাতন জিএল সফটওয়্যার এর পরিবর্তে ইন্টিগ্রেটেড নতুন জিএল সফটওয়্যার ব্যবহার শুরু হয়েছে। কর্পোরেশনের মাসিক ও প্রান্তিক হিসাব কার্যক্রম যথাসময়ে সম্পাদনের লক্ষ্যে স্থিতিপত্র, লাভ-ক্ষতির হিসাবসহ বিভিন্ন লেজারের তথ্য যাচাই ও পুনঃমিলকরণের জন্য জিএল সফটওয়্যার-এ ভাউচার Entry, Verify ও Approval কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পাদন করা আবশ্যিক।

০২। এতৎপ্রেক্ষিতে, বর্ণিত কার্যক্রম যথাসময়ে সম্পাদনের লক্ষ্যে ডিসেম্বর, ২০২৩ মাসের ভাউচারসমূহ জানুয়ারি, ২০২৪ মাসের প্রথম ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে এবং ০১ জানুয়ারি ২০২৪ তারিখ থেকে সকল প্রকার ভাউচার Entry, Verify ও Approval কার্যক্রম দৈনিক ভিত্তিতে (Day to Day) সম্পাদন করতে হবে। এছাড়াও, মাসিক/প্রান্তিক প্রতিশনাল ভাউচারের ক্ষেত্রে মাস শেষ হলে পরবর্তী মাসের প্রথম ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে Entry, Verify ও Approval কার্যক্রম সম্পাদন করতে হবে। উল্লেখ্য, যে সকল ডিপার্টমেন্ট এর জিএল সফটওয়্যার ব্যবহারের অনুমতি নেই সে সকল ডিপার্টমেন্ট এর আয়-ব্যয় ও প্রতিশন সংক্রান্ত তথ্য-উপাত্ত উক্ত সময়সীমার মধ্যে সেন্ট্রাল অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট-এ নথি আকারে উপস্থাপন করবে।

০৩। কর্পোরেশনের প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট ও শাখা কার্যালয়সমূহকে বর্ণিত নির্দেশনা পরিপালনের জন্য অনুরোধ জানানো হলো।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(এস. এম. সিরাজুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।